গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৩।

নং: ১০.০০.০০০০.১২৭.৯৯.০০১.১৯.১০১৯. তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪৩২ / ১০ ডিসেম্বর ২০২৫

বিষয় : সারাদেশে নবসৃজিত ১৯১ টি ল্যান্ড সার্ভে আপীল ট্রাইব্যুনাল, পারিবারিক আপীল আদালত ও শিশু ধর্ষন অপরাধ দমন ট্রাইব্যুনাল এবং ১১টি ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনালে সহায়ক কর্মচারী পদায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, সারাদেশের আদালতসমূহে বিচারাধীন মামলার সংখ্যা এবং দ্রুত সময়ে উক্ত মামলাসমূহ নিষ্পত্তির নিমিত্ত জেলা ও দায়রা জজ পর্যায়ের ১৯১ টি ল্যান্ড সার্ভে আপীল ট্রাইব্যুনাল, পারিবারিক আপীল আদালত ও শিশু ধর্ষন অপরাধ দমন ট্রাইব্যুনাল সৃজন করা হয়েছে। তাছাড়া, ১১টি ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনালও সৃজন করা হয়েছে। উক্ত নবসৃজিত পদসমূহে ইতোমধ্যে বিচারক পদায়ন করা হয়েছে। কিন্তু উক্ত আদালত /ট্রাইব্যুনালসমূহে সহায়ক জনবলের পদ সৃজন প্রক্রিয়াধীন। উক্ত আদালতসমূহের বিচারিক কার্যক্রম পরিচালনার স্বার্থে সংশ্লিষ্ট জেলা ও দায়রা জজ/মহানগর দায়রা জজ আদালত হতে সাময়িকভাবে সহায়ক জনবল পদায়ন করা আবশ্যক।

০২। এমতাবস্থায়, সারাদেশে নবসৃজিত ১৯১ টি ল্যান্ড সার্ভে আপীল ট্রাইব্যুনাল, পারিবারিক আপীল আদালত ও শিশু ধর্ষন অপরাধ দমন ট্রাইব্যুনাল এবং ১১টি ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনালের বিচারিক কার্যক্রম পরিচালনার স্বার্থে জেলা ও দায়রা জজ/মহানগর দায়রা জজগণকে সংশ্লিষ্ট চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/ চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট এর সাথে সমন্বয় করে সুষ্ঠুভাবে আদালতের কার্যক্রম পরিচালনার নিমিত্ত প্রয়োজনীয় স্থান এবং সহায়ক জনবল পদায়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১০.১২.২৫
(মোঃ একরামুল কবির)
উপসচিব
ফোন-২২৩৩৫৬৬৩১

প্রাপক ঃ

জেলা ও দায়রা জজ/মহানগর দায়রা জজ.........(সকল)

নং: ১০.০০.০০০০.১২৭.৯৯.০০১.১৯.১০১৯ তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪৩২ / ১০ ডিসেম্বর ২০২৫

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা
২। জেলা ও দায়রা জজ/মহানগর দায়রা জজ
৩। বিচারক, ল্যান্ড সার্ভে আপীল ট্রাইব্যুনাল/পারিবারিক আপীল আদালত/শিশু ধর্ষন অপরাধ দমন ট্রাইব্যুনাল ......................(সকল)।
৪। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৫। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/ চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট.............(সকল)
সংশ্লিষ্ট জেলা ও দায়রা জজ/মহানগর দায়রা জজ এর সাথে সমন্বয় করে প্রয়োজনীয় সহায়ক কর্মচারী পদায়নে সহায়তা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।।
৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৮। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, ৫ম তলা, সেগুনবাগিচা, ঢাকা।
৯। সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-২/৪/৫/৮, আইন ও বিচার বিভাগ।
১০। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস/ জেলা একাউন্স এন্ড ফিন্যান্স অফিসার,
১১। হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১২। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ ।ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।।
১৩। গার্ড ফাইল।
১৪। অফিস কপি।

১০.১২.২৫
(মোঃ একরামুল কবির)
উপসচিব
ফোন-২২৩৩৫৬৬৩১